

আন্তর্জাতিক

১০ দিনে ৪ ধর্ষণ: দিল্লিতে নারী নিরাপত্তায় নামছে বিশেষ 'পিংক ফোর্স'

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৭:৪৩ PM



মাত্র ১০ দিনের ব্যবধানে রাজধানী দিল্লিতে নাবালিকাদের ওপর পৃথক চারটি ভয়াবহ যৌন নিপীড়ন ও ধর্ষণের ঘটনা প্রকাশ্যে আসার পর নড়েচড়ে বসেছে প্রশাসন। নারী ও শিশুদের নিরাপত্তা জোরদারে এবার গোয়া পুলিশের আদলে দিল্লিতেও একটি বিশেষায়িত নারী পুলিশ দল 'পিংক ফোর্স' গঠনের নির্দেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) দিল্লির লেফটেন্যান্ট গভর্নর তারানজিত সিং সাধু দিল্লি পুলিশকে দ্রুত এই বিশেষ বাহিনী গঠনের আনুষ্ঠানিক নির্দেশ দেন। ভারতীয় গণমাধ্যম এনডিটিভি জানিয়েছে, এই বাহিনীর মূল লক্ষ্য হবে রাজধানী দিল্লীর গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল এলাকাগুলোতে পুলিশের উপস্থিতি দৃশ্যমান করা এবং যেকোনো জরুরি পরিস্থিতিতে দ্রুত পদক্ষেপ নেওয়া।

প্রশিক্ষণপ্রাপ্ত নারী পুলিশ সদস্যদের নিয়ে গঠিত এই ইউনিটটি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও মেট্রো স্টেশন সংলগ্ন এলাকায় নিয়মিত টহল। জনবহুল বাজার ও বিভিন্ন ঝুঁকিপূর্ণ 'হটস্পট' হিসেবে চিহ্নিত এলাকায় বিশেষ নজরদারি।

বিশেষ করে সংবেদনশীল বা ঝুঁকিপূর্ণ সময়ে নারীদের তাত্ক্ষণিক ও দ্রুত নিরাপত্তা সহায়তা প্রদান।

এর আগেও দিল্লিতে নারী পুলিশ কর্মকর্তাদের স্কুটি ও বিট পেট্রোলিংয়ে মোতায়েন করা হয়েছিল। তবে নতুন এই উদ্যোগের উদ্দেশ্য হলো, বিক্ষিপ্ত টহল কার্যক্রমকে একটি সুনির্দিষ্ট ও সুসংগঠিত ‘পিংক ফোর্স’ কাঠামোর আওতায় নিয়ে আসা। এছাড়া প্রকাশ্য স্থানে নারীদের উত্ত্যক্ত করা বন্ধে ‘অপারেশন শিষ্টাচার’ নামের বিশেষ আইনি অভিযানও সমান্তরালভাবে চালু থাকবে।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত-ড্রেন হামলার দাবি হতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত ও ড্রেন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুখিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুখি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/10-dine-4-dhrshn-dillite-nari-nirapttay-namchhe-bishesh-pink-fors>